গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়,পাবনা।
(ইংলিশ শাখা)
**website-(https://pabna.judiciary)**

আদেশ নং-০২ তারিখঃ ০৭/০১/২০২৬ খ্রিস্টাব্দ।

**অফিস আদেশ**

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক গঠিত অধস্তন আদালতসমূহের সরাসরি নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সভাপতি কর্তৃক প্রেরিত ০৫.০১.২০২৬ খ্রিস্টাব্দের ১০.০৩.০০০০.০০০.০০১.১১(ক).০০০৯.২৫.৫৮২(১) নং স্মারকের সুপারিশপত্রের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থী/প্রার্থীগণকে "অফিস সহায়ক" পদে জাতীয় বেতন স্কেল ২০১৫-এর টাকা ৮,২৫০-২০,০১০/-(বিশ তম গ্রেড) বেতনক্রমে নিম্নোক্ত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রমিক নং | রোল নং | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ০১. | ৩১১৩ | নাম-মোঃ মিনহাজ আহমেদ<br>পিতার নাম-মো: মোতালেব মুন্সী<br>মাতার নাম-মিনা বেগম<br>জাতীয় পরিচয়পত্রের নম্বর-৪৬৫৭৯৮৫৯৫০ | ভাবড়াশুর, ভাবড়াশুর-৮১৪০ মুকসুদপুর, গোপালগঞ্জ। |
| ০২. | ৩৩৪২ | নাম-মোঃ দেলোয়ার হোসেন<br>পিতার নাম-মোঃ আব্দুর রহমান<br>মাতার নাম-চম্পা খাতুন<br>জাতীয় পরিচয়পত্রের নম্বর-২৮৫৪৭০৬২৩৭ | লহিন্দাকান্দী,গুধিবাড়ি,জামিরতা-৬৭৭২,শাহজাদপুর, সিরাজগঞ্জ। |
| ০৩. | ৩৩৭৬ | নাম-মোঃ সোহান ইসলাম<br>পিতার নাম-মোঃ জহুরুল ইসলাম<br>মাতার নাম-মোছা-সাজেদা খাতুন<br>জাতীয় পরিচয়পত্রের নম্বর-৬০২২৪২৩৫৩৪ | কোকড়াগাছি, বারদানগর কাটেঙ্গা-৬৬৩০, চাটমোহর, পাবনা। |
| ০৪. | ৩৩৯৪ | নাম-মোঃ নাজমুল হোসাইন<br>পিতার নাম-মোঃ ওমর আলী<br>মাতার নাম-মোছাঃ মরিয়ম খাতুন<br>জাতীয় পরিচয়পত্রের নম্বর-৬৯০২৫৭১৯৮০ | বোয়াইলমারী, জালেশ্বর, ভাঙ্গুড়া-৬৬৪০, ভাঙ্গুড়া, পাবনা। |
| ০৫. | ৩৪২৮ | নাম-পারভীন খাতুন<br>পিতার নাম-আফজাল হোসেন<br>মাতার নাম-রহিমা খাতুন<br>জাতীয় পরিচয়পত্রের নম্বর-৪২০৪০৩৫৮৪৬ | মণ্ডলপাড়া, জালালপুর, পাবনা ক্যাডেট কলেজ-৬৬০৩, পাবনা সদর, পাবনা। |
| ০৬. | ৩৮৩৭ | নাম-মোঃ আব্দুল্লাহ আল মামুন<br>পিতার নাম-ইবাদত হোসেন<br>মাতার নাম-রাবেয়া বেগম<br>জাতীয় পরিচয়পত্রের নম্বর-৫১১৩৪৯২৪৬৫ | দেবিলা, মশাখালী-৭৬২০ শালিখা, মাগুরা। |
| ০৭. | ৩৯১৪ | নাম-মোঃ মোস্তফা কামাল<br>পিতার নাম-মোঃ কবির মোল্লা<br>মাতার নাম-মোছাঃ আছিয়া খাতুন<br>জাতীয় পরিচয়পত্রের নম্বর-৫০৯৭২৬৩৯৯৯ | গাঙ্গহাটি ডাবতলা, শোলাবাড়িয়া-৬৬০১, সাঁথিয়া, পাবনা। |
| ০৮. | ৪৯১৮ | নাম-কাকলি<br>পিতার নাম-আব্দুল খালেক<br>মাতার নাম-আনজু বেগম<br>জাতীয় পরিচয়পত্রের নম্বর-৮২৬৩২৭৪৪০২ | বুজরুক, ধীরগঞ্জ হাট-৫১৩০, হরিপুর, ঠাকুরগাঁও। |

CamScanner

শর্তাবলিঃ

১. শিক্ষানবিশ কর্মচারীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

২. নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে যোগদানের সময় নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ এবং ডোপ টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষা/ডোপ টেস্ট এর রিপোর্টে কোন বিরুপ মন্তব্য থাকলে এবং তার সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

৩. চাকরিতে যোগদানের সময় ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লেখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, ক্ষুদ্র-নৃগোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও ৩য় লিঙ্গ সনদপত্রের ০১(এক) কপি জমা প্রদান করতে হবে;

৪. চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবেন। কোটায় নিয়োগ প্রাপ্তদের কোটার স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্র যাচাই অন্তে সঠিক প্রমাণিত না হলে তার/তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৫. সংশ্লিষ্ট প্রার্থীর চাকরি স্থায়ীকরণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে "জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ অথবা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ এর শিক্ষানবিশ সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি অনুসরণ করতে হবে;

৬. চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের সদস্যদের জন্য যৌতুক নিবেন না বা দেবেন না;

৭. চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

৮. সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৮৯ এর ১৩ (১) বিধি অনুযায়ী সুপারিশ প্রাপ্ত প্রার্থীগণকে চাকরিতে যোগদান করার সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তার বা তার পরিবারের সদস্যদের (স্বামী/স্ত্রী) মালিকানাধীন স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরম (কমিশন ওয়েব সাইডে প্রর্দশিত) পূরণ করে জমা দিতে হবে;

৯. চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

আগামী ১১.০১.২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে যোগদান না করলে তিনি/তারা চাকরিতে যোগদান করতে সম্মত হননি মর্মে তার/তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।

(মোঃ আখতারুজ্জামান) 7/1/26
নিয়োগকারী কর্তৃপক্ষ
ও
সিনিয়র জেলা ও দায়রা জজ, পাবনা।

স্মারক নং-১০(৭)/জে,

তারিখঃ ০৭/০১/২০২৬ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্যপ্রেরণ করা হলোঃ

১। মাননীয় সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ঢাকা।

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

২। ভারপ্রাপ্ত জজ, হিসাব শাখা, জেলা জজ আদালত, পাবনা।

৩। পুলিশ সুপার, পাবনা।

৪। সিভিল সার্জন, পাবনা।

৫। ডিস্ট্রিক্ট একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, পাবনা।

৬। জনাব--------------------------------------------------------------------------।

৭। অফিস কপি।

(মোঃ আখতারুজ্জামান) 7/1/26
নিয়োগকারী কর্তৃপক্ষ
ও
সিনিয়র জেলা ও দায়রা জজ, পাবনা।

CamScanner